গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

নগর উন্নয়ন অধিদপ্তর

www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০১.১৭.৮৪ তারিখ: ২৮ আশ্বিন ১৪২৬

১৩ অক্টোবর ২০১৯

বিষয়: **‘বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ৭ টি আঞ্চলিক কার্যালয় প্রতিষ্ঠাসহ সক্ষমতা বৃদ্ধিকরণ’ প্রকল্পের আওতায় বি.পি.এস.সি. সচিবালয়ের সিলেট আঞ্চলিক কার্যালয় কমপ্লেক্স নির্মাণের লক্ষ্যে জমি অধিগ্রহণ/ব্যবহারের জন্য ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।**

সূত্র: ১। বি.পি.এস.সি. সচিবালয়ের স্মারক নম্বর-৮০.০০.০০০০.০০০.১৪.০০১.১৯-১৪৮; তারিখঃ ১৬ জুন ২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যোচ্ছে যে, ‘বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ৭ টি আঞ্চলিক কার্যালয় প্রতিষ্ঠাসহ সক্ষমতা বৃদ্ধিকরণ’ প্রকল্পের আওতায় বি.পি.এস.সি. সচিবালয়ের সিলেট আঞ্চলিক কার্যালয়ের কমপ্লেক্স নির্মাণের লক্ষ্যে সিলেট জেলার দক্ষিণ সুরমা উপজেলার পশ্চিমভাগ মৌজায় দাগ নম্বরঃ ৫১৯ (অংশ), ৫২০ (অংশ), ৫২১ (অংশ) ও ৫২৪ (অংশ) এর মোট প্রায় ০.৫৬ একর চিহ্নিত জমিঅধিগ্রহণের জন্য আবেদন করা হয় (সংযুক্তি-১: দাগসুচি)।

প্রস্তাবিত জমি অধিগ্রহণে বি.পি.এস.সি. সচিবালয়ের সিলেট আঞ্চলিক কার্যালয়ের কমপ্লেক্স নির্মাণের লক্ষ্যে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সরকারি প্রয়োজন ও জনস্বার্থে অত্র অধিদপ্তরের অনাপত্তি পত্র প্রদান করা হলো।

**শর্তসমূহ নিম্নরূপ:**

১। Sewerage Treatment Plant (STP), Solar Panel, Rain Water Harvesting এর ব্যবস্থা রাখতে হবে।

২। প্রস্তাবিত জমির দক্ষিণ পাশে Existing Road (জকিগঞ্জ রোড) হতে ন্যূনতম ১০ (দশ) ফুট জায়গা ছেড়ে দিয়ে রাস্তার সাথে Entry-Exit এর ব্যবস্থা রাখতে হবে এবং উক্ত এলাকায় যাতে যানজটের সৃষ্টি না হয় সে বিষয়ে প্রত্যাশী সংস্থা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

৩। প্রাকৃতিক ড্রেনেজ যাতে বাধাগ্রস্থ না হয় সে ব্যাপারে প্রত্যাশী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি পত্র প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের ভূমি ব্যবহারের অনাপত্তি ব্যতীত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

সংযুক্তি: বর্ণনামতে।

১৪-১০-২০১৯

উদয় শংকর দাস

সিনিয়র প্ল্যানার

প্রকল্প পরিচালক, ‘বাংলাদেশ সরকারি কর্ম কমিশন
সচিবালয়ের ৭ টি আঞ্চলিক কার্যালয় প্রতিষ্ঠাসহ সক্ষমতা
বৃদ্ধিকরণ’ প্রকল্প, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন
সচিবালয়, আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢকা।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০১.১৭.৮৪/১(৬)

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৬
১৩ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর

২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পণা), নগর উন্নয়ন অধিদপ্তর

৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর [ পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ সহ]

৪) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর

৫) প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর

৬) স্টেনো টাইপিষ্ট, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি নথিতে সংরক্ষণের জন্য)।



১৪-১০-২০১৯

মো. তানভীর হাসান রেজাউল
প্ল্যানার